

যঈফ ও জাল হাদিস

হাদিস নাম্বারঃ ১৮৮৪

১/ বিবিধ

আরবী

من أعيته المكاسب فعليه بمصر، وعليه بالجانب الغربي منها
ضعيف

رواه ابن عساكر (17 / 112 / 1) عن سليم بن منصور: أخبرنا أبي أخبرنا ابن لهيعة
عن أبي قبيل عن عبد الله بن عمرو قال: قال رسول الله صلى الله عليه وسلم. قلت:
وهذا إسناد ضعيف مسلسل بالضعفاء

الأول: ابن لهيعة سيء الحفظ

الثاني: منصور وهو ابن عمار الواعظ، قال الذهبي في آخر ترجمته من "الميزان" بعد
أن ذكر كثيرا من النقول الجارحة: "وساق له ابن عدي أحاديث تدل على أنه واه في
الحديث

الثالث: سليم بن منصور، أورده الذهبي في "الضعفاء"، وقال: "تكلم فيه بعض
البغداديين". والحديث بيض له المناوي، فلم يتكلم على إسناده بشيء! وأما في
التيسير"، فجرى على الجادة، فقال: "وإسناده ضعيف

বাংলা

১৮৮৪ যাকে উপার্জন করা পরিশ্রম করে ফেলে তার উচিত মিসরকে ধারণ করা এবং তার উচিত হচ্ছে তার পশ্চিম দিক ধারণ করা।

হাদীসটি দুর্বল।

এটিকে ইবনু আসাকির (১৭/১১২/১) সুলাইম ইবনু মানসূর হতে, তিনি তার পিতা হতে, তিনি ইবনু লাহী'য়াহ হতে, তিনি আবু কাবীল হতে, তিনি আব্দুল্লাহ ইবনু আমর (রাঃ) হতে বর্ণনা করেছেন। তিনি বলেনঃ রসূল সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম বলেছেনঃ ...।

আমি (আলবানী) বলছিঃ ধারাবাহিক দুর্বল বর্ণনাকারীর দ্বারা সনদটি দুর্বলঃ

১। ইবনু লাহীয়াহ মন্দ হেফযের অধিকারী।

২। মানসূর হচ্ছেন ইবনু আম্মার আয়েয। হাফিয যাহাবী “আলমীযান” গ্রন্থে তার জীবনীর শেষে বহু সমালোচনাকারীদের মন্তব্য উল্লেখ করার পর বলেনঃ ইবনু আদী তার কয়েকটি হাদীস উল্লেখ করেছেন যেগুলো প্রমাণ করে যে, তিনি হাদীসের ক্ষেত্রে দুর্বল।

৩। সুলাইম ইবনু মানসূরকে হাফিয যাহাবী “আযযুয়াফা” গ্রন্থে উল্লেখ করে বলেছেনঃ কোন কোন বাগদাদী তার সমালোচনা করেছেন। হাদীসটিকে মানবী “আততাইসীর” গ্রন্থে উল্লেখ করে বলেছেনঃ এর সনদটি দুর্বল। যদিও অন্য গ্রন্থে সনদের ব্যাপারে কোন কিছুই বলেননি।

হাদিসের মান: যঈফ (Dai'f) পুনঃনিরীক্ষিত

পাবলিশারঃ তাওহীদ পাবলিকেশন

🔗 Link — <https://www.hadithbd.com/hadith/link/?id=72767>

📖 হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন